গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোরশেদ সরণি, শের-ই-বাংলা
নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.২২.৩৩

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৯
০৪ অক্টোবর ২০২২

বিষয়: **শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে শ্রী শ্রী ঢাকেশ্বরী জাতীয় মন্দির কেন্দ্রীয় পূজামন্ডপে ভক্তদের সাথে মাননীয় প্রধানমন্ত্রীর শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।**

০৪/১০/২০২২ খ্রি: তারিখ মঙ্গলবার, বিকাল ০৪:০০ টায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন হতে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে শ্রী শ্রী ঢাকেশ্বরী জাতীয় মন্দির কেন্দ্রীয় পূজামন্ডপে ভক্তদের সাথে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন। উক্ত অনুষ্ঠান DSNG/বিটিভি/CODEC আউটপুটের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা ক-৬৯৩ কিলোহার্জ, এফএম ১০৬.০ মেগাহার্জ, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জে এবং ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফএম ব্যান্ডে অনুষ্ঠানটি একযোগে রিলে হবে। এক্ষেত্রে আঞ্চলিক কেন্দ্রসমূহের বিকল্প এফএম ব্যান্ডে (যদি থাকে) স্ব স্ব কেন্দ্রের পূর্বনির্ধারিত অনুষ্ঠান প্রচারিত হবে।

২। অনুষ্ঠানের সময় পরিবর্তনের ক্ষেত্রে পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা ও সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়-প্রেস উইং/ বিটিভি এর সাথে যোগাযোগপূর্বক অনুষ্ঠান যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন এবং সুষ্ঠুভাবে প্রচারকার্য সম্পাদনের জন্য অনুষ্ঠানটির সময়সূচি পরিবর্তন/ বাতিল- এর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

৩। অনুষ্ঠানটি প্রচারকালীন ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান, সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান মধ্যম তরঙ্গ ৮১৯ কিলোহার্জে ও এফএম ৯২ মেগাহার্জে প্রচার হবে। ঢাকা-খ এবং গ এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে।

৪। অনুষ্ঠানটি চলাকালীন বিঘ্ন ঘটলে, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা বিঘ্নের প্রতিবেদন (কারণসহ) নিকস ফন্টে হার্ডকপি ও সফট কপি (programlivebb@gmail.com) সদর দপ্তরে প্রেরণ করবেন।

৫। অনুষ্ঠান প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/ নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।

৬। অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, সংশ্লিষ্ট স্টুডিওতে বা সুবিধাজনক স্থানে ডিশ লাইন সংযুক্ত ০১ (এক) টি টেলিভিশন মনিটরের ব্যবস্থা গ্রহণসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন

৭। উক্ত অনুষ্ঠান যথাযথভাবে প্রচার হচ্ছে কিনা সে বিষয়ে পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ঢাকা এর সাথে সমন্বয় করে অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচার নিশ্চিত করবেন।

৮। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/ গানের তালিকা অনুসরণ করবেন।

৯। অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের পূর্বাহ্ণে দায়িত্ব অর্পণ

করবেন এবং তিনি/ তাঁর প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন। এছাড়া সকল কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকগণ/ প্রকৌশলীগণ/ তাঁর প্রতিনিধিগণ সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন এবং প্রয়োজনে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের পরিচালক এর সাথে যোগাযোগ করে সুষ্ঠুভাবে অনুষ্ঠান প্রচার নিশ্চিত করবেন।

১০। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। উক্ত অনুষ্ঠান সম্প্রচারের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী/ উপস্থাপক-উপস্থাপিকাগণ অনুষ্ঠান শুরুর ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট স্টুডিওতে/অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকবেন।

১২। স্থানীয় সংবাদ প্রচারের ক্ষেত্রে আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক/ উপ-বার্তা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক/ আঞ্চলিক পরিচালকের সাথে সমন্বয় করে প্রচারের ব্যবস্থা নিবেন।

১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর বর্ণিত অনুষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়াদির ছবি পিআইডি হতে সংগ্রহপূর্বক যথাযথ ক্যাপশন ও তথ্যাদি সহ 'বেতার বাংলা'য় প্রকাশ করবেন।

৪-১০-২০২২
নাসরুল্লাহ মোঃ ইরফান
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৪৪৮১৩০৬৮
ইমেইল:
adgprogramme@gmail.com

...

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৩.২২.৩৩/১(১০)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৯
০৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।,
২) অতিরিক্ত মহাপরিচালক (বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৩) পরিচালক/ সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা/ জাতীয় বেতার ভবন, আগারগাঁও ঢাকা।
৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী/সিনিয়র প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী, মহাশক্তি প্রেরণ কেন্দ্র বাংলাদেশ বেতার ধামরাই/ গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)/বাংলাদেশ বেতার সদর দপ্তর/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১ ও ২ সাভার, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪, কালুরঘাট, চট্টগ্রাম/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া/ বাংলাদেশ বেতার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৫) পরিচালক, বাংলাদেশ বেতার চট্টগ্রাম/বাণিজ্যিক কার্যক্রম/ লিয়াজোঁ/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ কেন্দ্রীয় বার্তা সংস্থা আগারগাঁও, ঢাকা।
৬) আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী/ আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙামাটি/বান্দরবান/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ ময়মনসিংহ ও বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
৭) স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।
৮) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারি, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
৯) উপ-মহাপরিচালক অনুষ্ঠান এর একান্ত সহকারি বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (উপ-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
১০) নথি।

৪-১০-২০২২
সায়েদ মোস্তফা কামাল
পরিচালক (অনুষ্ঠান)